গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.৬২৮ তারিখ: ১০ আষাঢ় ১৪২৮
২৪ জুন ২০২১

বিষয়: **ঢাকা বিভাগে সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে মোট ৪৮৭৮ মে.টন সংগৃহীত গম'২১ চলাচলসূচি**

সূত্র: ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ এর ১৩/০৬/২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.৪২২.৫০.০০৫.২১.১৭৫ নং স্মারক
২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা এর ২১/০৬/২০২১ খ্রিঃ তারিখের ১৩.০১.০০০০.০০০.৫০.০০১.২০-৮৮৮ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ বিভাগের কতিপয় এলএসডিতে জুন'২০২১ মাসে ইপি, ওপি, ময়দাকল ও অন্যান্য খাতে বিলি বিতরণের জন্য গমের চাহিদা সূত্রস্থ ১ নং স্মারকে প্রেরণ করা হয়। চলতি সংগ্রহ মৌসুমে লক্ষ্যমাত্রার অবশিষ্ট ধান, চাল এবং গম সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে ফরিদপুর ও রাজবাড়ী জেলায় সংগৃহীত গম'২০২১ অন্যত্র প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা কর্তৃক সূত্রস্থ ২ নং স্মারকে অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, ঢাকা বিভাগে বোরো'২১ সংগ্রহ মৌসুমে ধান, চাল ও গম সংগ্রহ কার্যক্রম সফল করার লক্ষ্যে গুদামে খালি জায়গা সৃষ্টি এবং ময়মনসিংহ বিভাগের কতিপয় এলএসডিতে বিভিন্ন খাতে বিলি বিতরণের নিমিত্ত ফরিদপুর ও রাজবাড়ী জেলার কতিপয় এলএসডি হতে সদ্য সংগৃহিত ৪৮৭৮ মে.টন গম'২১ চলাচলসূচি নিম্নোক্ত নির্দেশনাবলি যথাযথভাবে পরিপালন শর্তে নির্দেশক্রমে জারি করা হলো।

| ক্র. নং | প্রেরক জেলা | প্রেরণ কেন্দ্র | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মে.টন) | পণ্য | রুট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | রাজবাড়ী | রাজবাড়ী এলএসডি | ময়মনসিংহ | ময়মনসিংহ সিএসডি | ৩০০ | সংগৃহীত গম'২১ | সড়ক পথ | আখানি, ঢাকা উপসূচি জারি করবেন |
| ২. | ঐ | পাংশা এলএসডি | ঐ | ঐ | ৭০০ | ঐ | ঐ | |
| ৩. | ঐ | ঐ | জামালপুর | সিংহজানী এলএসডি | ২০০ | ঐ | ঐ | |
| ৪. | ঐ | ঐ | ঐ | ইসলামপুর এলএসডি | ৫০ | ঐ | ঐ | |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৫. | ঐ | ঐ | ঢাকা | তেজগাঁও সিএসডি | ১৫৫ | ঐ | ঐ | |
| ৬. | ঐ | নলিয়াগ্রাম এলএসডি | ঐ | ঐ | ৮১০ | ঐ | ঐ | |
| ৭. | ঐ | গোয়ালন্দ এলএসডি | ঐ | ঐ | ২৬৮ | ঐ | ঐ | |
| ৮. | ফরিদপুর | বোয়ালমারী এলএসডি | ঐ | ঐ | ১১৭ | ঐ | ঐ | |
| ৯. | ঐ | ঐ | ব্রাহ্মণবাড়িয়া | আশুগঞ্জ সাইলো | ৫৪৩ | ঐ | ঐ | চসসা বিভাগ উপসূচি জারি করবেন |
| ১০. | ঐ | ভাংগা এলএসডি | ঐ | ঐ | ৩৬০ | ঐ | ঐ | |
| ১১. | ঐ | সদরপুর এলএসডি | ঐ | ঐ | ৯০ | ঐ | ঐ | |
| ১২. | ঐ | নগরকান্দা এলএসডি | ঐ | ঐ | ১০০০ | ঐ | ঐ | |
| ১৩. | ঐ | মধুখালী এলএসডি | ঐ | ঐ | ১৮০ | ঐ | ঐ | |
| ১৪. | ঐ | চরভদ্রাসন এলএসডি | ঐ | ঐ | ১০৫ | ঐ | ঐ | |
| | | | | মোট = | ৪৮৭৮ | | | |

**নির্দেশনাসমূহ:**

১। খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুযায়ী খাদ্যশস্য পরিবহণ কার্যক্রম সম্পাদন করতে হবে।

২। 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর কর্তৃক স্বাক্ষরিত ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত জরুরি নির্দেশনা' বিষয়ক ১৮/০৪/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারকের পত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে।

৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে আখানি/চসনি/জেখানি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রমানুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন।

৪। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট সাইলো অধীক্ষক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (প্রযোজ্য ক্ষেত্রে) গম পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম বা সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে ত্বরিত অবহিত করবেন।

৫। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না।

৬। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস

যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথখাতে প্রদর্শন করা যাবে না।

৭। ভি-ইনভয়েসে গমের গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে।

৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।

১০। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ এই সূচি অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্ত জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন।

১১। সূচির মেয়াদ ৩০/০৬/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে।

এতে মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের অনুমোদন রয়েছে।

২৪-৬-২০২১
মোঃ ফজলে রাব্বী হায়দার
উপ-পরিচালক

প্রাপক :
১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা
২) জেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী
৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ফরিদপুর, ঢাকা

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.৬২৮/১(১০)

তারিখ: ১০ আষাঢ় ১৪২৮ / ২৪ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:
১) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর
২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
৩) পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর
৪) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
৫) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর

৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম

৭) সাইলো অধীক্ষক, আশুগঞ্জ সাইলো

৮) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর

৯) ব্যবস্থাপক ................................, সিএসডি

১০) ভারপ্রাপ্ত কর্মকর্তা ..............................., এলএসডি



২৪-৬-২০২১

মোঃ ফজলে রাব্বী হায়দার

উপ-পরিচালক